



বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজীকোর্ট, মতিঝিল, ঢাকা।



স্মারক নং-২৪.০৪.০০০০.২০৪.৪৩.১০১.১৯- ১১৪


তারিখ: ১২.০৬.২০২০

দপ্তর আদেশ

বর্তমানে বিশ্বব্যাপি করোনা ভাইরাস জনিত ছোঁয়াচে রোগ COVID 19 এর প্রাদুর্ভাব ঘটেছে এবং বিশ্বস্বাস্থ্য সংস্থা একে বিশ্বব্যাপি মহামারি ঘোষণা করেছে। করোনা প্রতিরোধকল্পে বিজেএমসি প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়সমূহ এবং নিয়ন্ত্রণাধীন মিলসমূহে কর্মরত সকল পর্যায়ের শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাকে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন ও নিজ নিজ হাত জীবানুমুক্ত রাখার জন্য হ্যান্ড স্যানিটাইজার ও সাবান/হ্যান্ডওয়াশ ব্যবহার করার জন্য পরামর্শ প্রদান করা হলো। করোনা ভাইরাসজনিত রোগ প্রতিরোধমূলক সচেতনতার লক্ষ্যে যে সকল সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন তার একটি পরামর্শমূলক লিফলেট এসাথে সংযুক্ত করা হলো এবং স্ব স্ব মিল/কার্যালয়ের শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের মধ্যে উক্ত লিফলেটটি বিতরণসহ নোটিশবোর্ডে টাঙ্কিয়ে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ১ (এক) সেট।


(এ, এফ, এম, এহতেশামুল হক)
সচিব

বিতরণ: (ই-মেইলযোগে প্রেরণ করা হলো)

- ১। সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।
- ২। আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা (আরসিও), বিজেএমসি ঢাকা/খুলনা/ চট্টগ্রাম অঞ্চল।
- ৩। প্রকল্প প্রধান, বিজেএমসির নিয়ন্ত্রণাধীন সকল মিল।

অনুলিপি: ই-মেইলযোগে প্রেরণ করা হলো

- ১। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা (সংস্থার ওয়েবসাইটে প্রচারের অনুরোধ করা হলো)।
- ২। ব্যবস্থাপক (সাঃ সেবা), বিজেএমসি, ঢাকা
(ক) করোনা ভাইরাস এর প্রাদুর্ভাব না কমা পর্যন্ত বিজেএমসি প্রধান কার্যালয়ের প্রতিটি ফ্লোরের টয়লেটে হ্যান্ড ওয়াশ এবং জীবানুনাশক সাবান সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
(খ) করোনা ভাইরাসজনিত রোগ প্রতিরোধমূলক সচেতনতার লক্ষ্যে যে সকল সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন তার একটি পরামর্শমূলক লিফলেট সংযুক্ত করা হলো এবং বিজেএমসি প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে উক্ত লিফলেটটি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৪। পরিচালক মহোদয়গণের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ৬। অফিস কপি/মাস্টার ফাইল।

করোনা ভাইরাসজনিত রোগ, প্রতিরোধমূলক সচেতনতা

দেশে করোনা ভাইরাস জনিত রোগী (COVID-19) সনাক্ত হয়েছে। বিজেএমসির সকল স্তরের কর্মচারী কর্মকর্তাগণের উক্ত রোগ বিষয়ক কিছু তথ্য ও রোগ বিস্তার হতে সতর্কতামূলক কিছু স্বাস্থ্য বিধি নিম্নে প্রদত্ত হলো:

যেভাবে রোগ ছড়ায় :

১. হাত না ধুয়ে চোখ, নাক বা মুখ স্পর্শ করলে
২. হাঁচি কাশির মাধ্যমে
৩. আক্রান্ত ব্যক্তিকে স্পর্শ করলে
৪. ভাইরাস আছে এমন কিছু স্পর্শের মাধ্যমে
৫. পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে
৬. মানুষ ও আক্রান্ত প্রাণী থেকে ছড়াতে পারে।

রোগের লক্ষণ :

১. জ্বর
২. কাশি
৩. গলা ব্যাথা
৪. শ্বাসকষ্ট

রোগ প্রতিরোধে করণীয় সতর্কতামূলক ব্যবস্থা :

১. করোনার ভাইরাস আক্রান্ত ব্যক্তি হতে খুব কাছে না যাওয়া ও স্পর্শ না করা।
২. নিজের নাক, মুখ, চোখ অপরিষ্কার হাত দিয়ে স্পর্শ না করা।
৩. জন সমাগম এড়িয়ে চলা।
৪. অসুস্থ হলে নিজ বাসায় অবস্থান করা।
৫. হাচি, কাশি, সর্দি হলে টিস্যু ব্যবহার করা। ব্যবহৃত টিস্যু নিরাপদ স্থানে ফেলে দেয়া। টিস্যু না থাকলে বাছুর উপরের অংশ দিয়ে নাক, মুখ আড়াল করা।
৬. দৈনন্দিন ব্যবহার্য যে সকল বস্তুতে বার বার হাতের স্পর্শ লাগে সেগুলি জীবানু নাশক তরল দিয়ে ভাল করে মুছে ফেলা।
৭. জীবানু নাশক সাবান (Antiseptic soap), সাধারণ সাবান দিয়ে বার বার হাত ধোয়া। প্রতিবার অন্তত ২০ সেকেন্ড ধরে হাত ধুতে হবে। বিশেষ করে টয়লেট ব্যবহারের পর, খাবারের পর, নাক ঝাড়া এবং সর্দি কাশির পর হাত ধোয়া।
৮. সাবান পানি না থাকলে এ্যালকোহল যুক্ত Hand Sanitizer দিয়ে অন্তত ২০ সেকেন্ড ধরে হাত পরিষ্কার করা। হাত অপরিষ্কার থাকলে অবশ্যই সাবান পানি দিয়ে হাত ধুতে হবে।
৯. রান্না করার আগে মাছ, মাংস, শাক-সবজি, ফল-মূল ভালো করে ধুয়ে নেয়া এবং ভালভাবে সিদ্ধ করে খাওয়া।
১০. করমর্দন থেকে বিরত থাকা।

Abulhasan Masud
17.03.2020

ডাঃ আব্বাস মাসুদ
এমবিবিএস, সিসিডি, (বারডেম)
জ্যেষ্ঠ উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা
বিজেএমসি, ঢাকা।